

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৩২৬

পর্ব-১৩: বিবাহ (১১১)

পরিচ্ছেদঃ ১৫. প্রথম অনুচ্ছেদ - 'ইদ্দত

بَابُ الْعِدَّةِ

আরবী

وَعَن سعيد بنِ المسيّبِ قَالَ: إِنَّمَا نُقِلَتْ فَاطِمَةُ لِطُولِ لِسَانِهَا عَلَى أحمائِها. رَوَاهُ فِي شرح السّنة

বাংলা

৩৩২৬-[৩] সা'ঈদ ইবনুল মুসাইয়্যাব (রহঃ) এতদসম্পর্কে বলেন যে, স্বামীর আত্মীয়-স্বজনের সাথে মুখরা হয়ে ঝগড়া-বিবাদ করার কারণে তাকে গৃহ-ত্যাগের অনুমতি দিয়েছিল। (শারহুস্ সুন্নাহ্)[1]

ফুটনোট

[1] য'ঈফ: শারহুস্ সুন্নাহ্ ২৩৮৪, আবূ দাউদ ২২৯৬ (আবূ দাউদ-এর সানাদটি দুর্বল)। কারণ সা'ঈদ ইবনুল মুসাইয়্যাব এটি কার থেকে বর্ণনা করেছন তা উল্লেখ করেননি।

ব্যাখ্যা

ব্যাখ্যা: তাকে স্বামীর ঘর ছেড়ে অন্য ঘরে যেতে বলার কারণ হলো, স্বামীর আত্মীয়দের বেলায় তার যবান লম্বা ছিল। অর্থাৎ তার মুখের ভাষা খারাপ ছিল। মুখ দিয়ে সে সবাইকে কন্ট দিত। কোনো কোনো বর্ণনায় রয়েছে, তাকে বাহিরে যেতে দেয়ার কারণ ছিল, তার স্বভাব ভালো ছিল না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন